# আটক ও নির্যাতনের বিরুদ্ধে জিডি করতে গিয়ে উলটো গ্রেফতার হলেন প্রধান শিক্ষক

**পটুয়াখালী থেকে নিজস্ব সংবাদদাতা** ঃ স্কুলের কক্ষে আটকে রেখে লাঞ্ছিত করার কারণে থানায় জিডি করতে গিয়ে উল্টো গ্রেফতার হয়েছেন কলাপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. জাহাঙ্গীর আলম। এ ব্যাপারে প্রধান শিক্ষক জাহাঙ্গীর আলমের স্ত্রী মিসেস তানিয়া আলম ১৫ই নভেম্বর সন্ধ্যায় এক সাংবাদিক সম্মেলন করেছেন।

মিসেস তানিয়া আলম তার লিখিত বক্তব্যে বলেন, তার স্বামী মো. জাহাঙ্গীর আলম কলাপাড়া পৌর শহরের কলাপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক থাকা অবস্থায় ৮ই অক্টোবর থেকে ১০ নভেম্বর পর্যন্ত অসুস্থতাজনিত কারণে ছুটিতে ছিলেন। ছুটিশেষে তিনি বিদ্যালয়ে যোগদান করতে গেলে ১৪ই নভেম্বর জনৈক শিক্ষিকা তাকে বিদ্যালয়ের একটি কক্ষে তালাবদ্ধ করে রেখে স্থানীয় এক নেতাকে ডেকে লাঞ্ছিত করেন। এ ঘটনার কারণে ওইদিন রাতেই জাহাঙ্গীর আলম কলাপাড়া থানায় জিডি করতে গেলে থানার ওসি আবদুল মতিন উল্টো তাকে একটি মুচলেকা দিতে বলেন। এতে জাহাঙ্গীর আলম রাজি না হওয়ায় তাকে থানা হাজতে আটকে রেখে ১৫ই নভেম্বর কোর্টে সোপর্দ করে। কোর্ট তাকে জেলহাজতে পাঠিয়ে দেয়। এ ব্যাপারে ওই থানায় যোগাযোগ করা হলে নাম প্রকাশ না করে জনৈক দারোগা বলেন, ওই স্কুলে প্রধান শিক্ষক পদে সদ্য যোগদানকারী প্রধান শিক্ষিকা শিল্পী সুধা দাস জাহাঙ্গীর আলমের বিরুদ্ধে একটি অভিযোগ করেছেন। তার প্রেক্ষিতে জাহাঙ্গীর আলমকে গ্রেফতার করা হয়েছে। ভিন্ন একটি সূত্র জানায়, প্রধান শিক্ষক জাহাঙ্গীর আলমের ছুটিজনিত সময়ে তাকে লালুয়া বোর্ড স্কুলে এবং লালুয়া বোর্ড স্কুলের প্রধান শিক্ষিকা শিল্পী সুধা দাসকে কলাপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বদলি করা হয়। ওই বদলির আদেশ স্থগিত হওয়ার পর জাহাঙ্গীর আলম কলাপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পুনরায় যোগদান করতে গেলে ওই ঘটনা ঘটে।